



এ নিয়ম অবজ্ঞা করে এক শ্রেণীর মানুষ বঙ্গগঞ্জ-অষ্টগ্রাম সড়ক, মদনপুর-বঙ্গগঞ্জ সড়কসহ বিভিন্ন সড়কে অবাধে গরু-ছাগল বেঁধে গাছ ও গাছের চারা ধ্বংস করছে। আবার কেউ কেউ রাতের অন্ধকারে গাছগুলো ভেঙ্গে ও কেটে ফেলেছে। এলাকার

নাঙ্গলকোটে
অসাধুরা জোট
বেঁধেছে

ভৌক্তভোগী মহল জ্ঞানান, সমাজের এক শ্রেণীর অসংলোক এসব জঘন্যতম কাজে লিপ্ত রয়েছে। এলাকাবাসী আরো জ্ঞানান, প্রশাসনিক অসুযোগিতার কারণে উপজেলায় সামাজিক বনায়ন কর্মসূচী সফল হয়ে উঠছে না। ফলে একদিকে পরিবেশের ভারসাম্য হারাচ্ছে অন্যদিকে সরকার কোটি কোটি টাকার রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।

মরণ নেশার
উপজেলা
কোন

ক

কম্পিউটার সায়েন্সে

পাটফর্ম : এইচএসসি

'এইচএসসি' পাস করে কম্পিউটার সায়েন্সে পড়বো এমন ইচ্ছা আজকাল অধিকাংশ মেধাবী ছাত্র-ছাত্রীর। অনেক অভিভাবকেরও ইচ্ছা তাই। বর্তমানে দেশের প্রায় সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়েই কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী দেয়া হচ্ছে। মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য দেশে বসেই বিশ্বমানের আইটি প্রফেশনাল হবার এ এক বিরাট সুযোগ। কারণ কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস করার সাথে সাথেই যে কোন তরুণ-তরুণীর জন্য একটি ভালো মানের চাকরি পাওয়ার সুযোগ সৃষ্টি হয়।

কম্পিউটার বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের কথা চিন্তা করেই এখানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার এ উচ্চ শিক্ষা গ্রহণের তথ্য তুলে ধরা হলো।

সরকারী প্রতিষ্ঠানসমূহ

সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বর্তমানে চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং কোর্স করানো হয়ে থাকে। কম্পিউটার বিষয়ে আসন সংখ্যা কম বিধায় খুব অল্প সংখ্যক মেধাবী ছাত্র-ছাত্রীই এসব প্রতিষ্ঠানে ভর্তি সুযোগ পায়। তবে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে পড়াশোনার খরচ কম বিধায় ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের পছন্দের শীর্ষে থাকে এগুলো।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

আশির দশকের মাঝামাঝি থেকে বুয়েটে চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্স চালু রয়েছে। আসন সংখ্যা ১২০টি। ভর্তি হবার নিয়মকানুন বুয়েটে একটি সাধারণ ভর্তি পরীক্ষার মাধ্যমে ছাত্র-ছাত্রী নির্বাচন করা হয়। ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীকে এইচএসসিতে

গণিত, পদার্থ ও রসায়নে (প্রতি বিষয়ে) পৃথক পৃথকভাবে কমপক্ষে ৬০% নম্বর পেতে হবে। তবে ৬০% নম্বর থাকলেও সবাই ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারে না। এইচএসসি'র গণিত, পদার্থ ও রসায়নের মোট নম্বরের উপর ভিত্তি করে একটি মেধা তালিকা প্রণয়ন করা হয়। এই মেধা তালিকার প্রথম ৪৫০০ জনই ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারে।

গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজী বিষয়ে মোট ৬০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। মেধা তালিকা প্রত্যুত্তের ক্ষেত্রে এইচএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করা হয় না। সাধারণত প্রতি বছর ডিসেম্বর-জানুয়ারী মাসে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স কোর্স চালু রয়েছে। আসন সংখ্যা ৬০টি। এই বিভাগে 'ক' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা নিয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। এসএসসি ও এইচএসসি পরীক্ষার যে কোন ১টিতে প্রথম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগ থাকলেই ভর্তি পরীক্ষায় অংশ নেয়া যায়। এমসিকিউ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪% ও ৬% যোগ করে মেধা তালিকা প্রত্যুত্ত করা হয়।

সাধারণত প্রতি বছর মার্চ মাসে ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। যারা কম্পিউটার সায়েন্সে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে ভর্তি পরীক্ষায় পদার্থ বিদ্যা ও গণিত বিষয়ে কমপক্ষে ১৬ ও ১৫ নম্বর পেতে হবে।

জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়
ঢাকার অদূরে সাভারে অবস্থিত
জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়-এ

ইলেকট্রনিক্স এন্ড কম্পিউটার বিষয়ে চার বছর মেয়াদী বিএসসি কোর্স চালু রয়েছে। প্রতি বছর মা মাসে ভর্তি পরীক্ষার মাধ্যমেই ভর্তি করা হয়। ভর্তিচ্ছু ছাত্র অবশ্যই এইচএসসি পরীক্ষায় প ও গণিতে পৃথক পৃথকভাবে ৬০ পেতে হবে।

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত যথাক্রমে ৪% ও ৬% যে মেধাতালিকা প্রত্যুত্ত করা হয়।

এগুলো ছাড়াও অন্যান্য বিশ্ববিদ্যালয়ে যেমন খুলনা বিশ্ব শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও ইসলামী বিশ্ববিদ্যালয় বছর মেয়াদী বিএসসি ইন সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং রয়েছে। এসব ভর্তি পরীক্ষার সবগুলো বছরের মার্চ থেকে মে মাসের পরীক্ষা অনুষ্ঠিত হয়ে থাকে।

বিআইটিসমূহ

খুলনা, রাজশাহী ও চট্টগ্রাম তিনটি বিআইটিতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিএসসি ডিগ্রী দেয় পরীক্ষা ও অন্যান্য নিয়ম কানুন অনুক্রম। প্রতিটি বিআইটিতে বিভাগে আসন সংখ্যা ৬০টি ক

জাতীয় বিশ্ববিদ্যালয়

বিগত কয়েক বছর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিভিন্ন কলেজে বিএসসি ইন কম্পিউটার কোর্স চালু হয়েছে। এতে পড় গ্রাইভেট ভর্তি থেকে অর্ধ মধ্যবিৎ পরিবারের ছেলে-মে হতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে কম্পিউটার সায়েন্স এমন কয়েকটি উল্লেখযোগ্য হলো:

ইনস্টিটিউট অব কম্পিউটার (ইসিআইটি)
১৫৩/১ গ্রীন রোড, পাছ



Bangladesh

5, J
Te

Sealed Tenders are hereby invited
Bangladesh Rural Development Board